



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 2nd Semester Examination, 2019

GE2-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.
Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৩×৪ = ১২

- (ক) অক্ষর কাকে বলে? অক্ষর ও দলের পার্থক্য নির্দেশ করো।
- (খ) লয় কাকে বলে? লয় কত প্রকার ও কী কী?
- (গ) যমক অলঙ্কার কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে দাও।
- (ঘ) ব্যতিরেক অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা দাও।
- (ঙ) 'ছেলে ভুলানো ছড়া'— ১ কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়েছিল?
- (চ) 'মেছেনি' গান কোন্ অঞ্চলে, কোন্ জনগোষ্ঠীতে প্রচলিত? 'মেছেনি' গানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো —

এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন-যৌবন ধনমান।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো —

বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ,
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই?

(গ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো —

- (i) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।
- (ii) সোহাগে জল উথলে উঠে
বক্ষে তাহার পড়ত লুটি।

(ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো —

- (i) স্তব্ধ অতল দিঘি-কালো জল নিশীথ-শীতল স্নেহ।
- (ii) এতো মালা নয় গো,
এ যে তোমার তরবারি।

- (ঙ) “এই ছড়াটি বাল্যকালে আমার নিকট মোহমস্তের মত ছিল” — কোন্ ছড়াটির কথা এখানে বলা হয়েছে? ছড়াটি সম্পর্কে রবীন্দ্রনাথের মানসিকতা ব্যক্ত করো।
- (চ) যে-কোনো দুটি প্রবাদের উল্লেখ করে এগুলির মধ্যে সমাজের যে চিত্র পরিস্ফুট হয়েছে তা উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২ × ২ = ২৪

- (ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- (খ) উপমা অলঙ্কার কাকে বলে? এই অলঙ্কারের কয়টি অঙ্গ? উদাহরণসহ এই অলঙ্কারের শ্রেণিবিভাগগুলি আলোচনা করো।
- (গ) যে সকল ছড়াগুলি রবীন্দ্রনাথের শিশুমনটিকে প্রভাবিত করেছিল, রবীন্দ্রনাথের ‘লোকসাহিত্য’ অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) লোকশিল্প বলতে কী বোঝো? তোমার পাঠ্য যে-কোনো দুটি লোকশিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

—x—